DHRUBA CHAND HALDER COLLEGE
DEPARTMENT OF HISTORY
SEMESTER - 6
TUTORIAL

☐ 1947 সালের ভারত বিভাজন :-

1947 খ্রীষ্টাব্দের 15ই আগস্ট ভারত স্বাধীন হয় এবং ভারত ও পাকিস্তান দুটি পৃথক রাষ্ট্রের সৃষ্টি হয়। ভারত বিভাগ অনিবার্য ছিল কিনা, তা একটি বহু বিতর্কিত বিষয়। অনেকের মতে, ভারত বিভাগ অনিবার্য ছিল না - ইচ্ছে করলেই তা এড়ানো যেত। কয়েকজন নেতার ভুল এবং তাঁদের স্বার্থান্বেষী মনোভাবই ভারত বিভাগকে অনিবার্য করে তুলেছিল। অনেকে আবার ব্রিটিশ সরকার ও জাতীয় কংগ্রেসের উভয়ের দোষারোপ করেন।

বহু ঐতিহাসিক মনে করেন, কংগ্রেস সংখ্যাগরিষ্ঠদের দল হিসাবে তার কর্তব্য যথাযথভাবে পালন করতে পারেনি। অমলেশ ত্রিপাঠীর মতে, কংগ্রেস তার জাতীয়তাবাদী চরিত্র হারায় মুসলিমদের আস্থা নষ্ট হওয়ায় দেশভাগ অনিবার্য হয়ে উঠেছিল। অধ্যাপক হীরেন চট্টোপাধ্যায়ের মতে, কংগ্রেসের যেকোনো মূল্যে স্বাধীনতার উদগ্র বাসনাই দেশভাগ অনিবার্য করেছিল। ভারত বিভাগের জন্য অনেকেই নেহেরু ও প্যাটেলকে ব্যক্তিগতভাবে দায়ী করেন। তাদের ধারণা নেহেরু ও প্যাটেলের ক্ষমতা লাভের আকাঙ্খাই এই [illegible] সাহায্য করেছে। নেহেরু ও প্যাটেল 1947 সালের জুন মাসে কংগ্রেসের অধিবেশনে মাউন্টব্যাটেন পরিকল্পনাকে গ্রহণ করার পক্ষে যেভাবে সওয়াল করেছিলেন, তাতে এই ধারণাই জোরদার হয়।

ভারতবিভাগের ক্ষেত্রে ব্রিটিশ সরকারের ভূমিকাও ছিল গুরুত্বপূর্ণ। অনেকেরই ধারণা যে, ভারতকে নিজেদের অধীনে রাখার জন্য

PRINCIPAL
Dhruba Chand Halder College
P.O.- D. Barasat, P.S.- Jaynagar
South 24 Parganas, Pin-743372

দীর্ঘদিন ধরে ব্রিটিশ সরকারের যে ভেদনীতি অনুসরণ করে আসছিল, ভারত বিভাজন ছিল তারই অনিবার্য পরিণতি। অবশ্য সুচতুর ইংরেজরা চেয়েছিল বলেই ভারত বিভাজিত হয়েছে, এমন ধারণা ইতিহাসগতভাবে সম্পূর্ণ সত্য নয়, মুসলিম লীগ ও জিন্নাহের ভূমিকাও এক্ষেত্রে স্মরণীয়। জিন্নাহ প্রাথমিকভাবে সাম্প্রদায়িক ছিলেন না, ছিলেন জাতীয়তাবাদী। কিন্তু জাতীয় রাজনীতিতে সুবিধেময় কংগ্রেস নেতৃত্বের একাধিপত্য এবং ব্রিটিশ সরকার ও মৌলবাদীদের বিচ্ছিন্নতাবাদী ক্রিয়ার এত জনপ্রিয়তা জিন্নাহকে অসহায় করে তুলেছিল। সেসময়ে মুসলিম সমাজে শক্তিশালী মধ্যবিত্ত শ্রেণীর উত্থান না ঘটায় মৌলবাদীরা ছিলেন প্রভাবশালী এবং জিন্নাহ বাধ্য হয়েছিলেন এদের সাথে আপোষ করতে। মুসলিম লীগের সমর্থক উদীয়মান ব্যবসায়ী শিল্পপতিরা টাটা বিড়লার আধিপত্য মানতে রাজী ছিলেন না। তাছাড়া নবাব, জমিদার ও উচ্চ শিক্ষিত মুসলিমরা ও হিন্দু প্রাধান্য মানতে চাননি। এমতাবস্থায় অন্তর্বর্তী সরকারের মধ্যে থেকে যৌথ দায়িত্ব পালনে বাধা সৃষ্টি করে এবং সাম্প্রদায়িক হানাহানির বিভেদ রাজনীতির খেলায় মত্ত থেকে লীগ নেতৃবৃন্দ এমন একটি অসহনীয় পরিবেশ সৃষ্টি করেন, যেখানে দেশভাগ অনিবার্য হয়ে পড়েছিল।

একথা ঠিক যে, বৃহত্তম রাজনৈতিক সংগঠন হিসাবে কংগ্রেসের আন্দোলনের সার্বিক জনসংযোগের অভাব এবং নানা পর্যায়ে [illegible] পরিস্থিতিকে জটিলতর করেছিল। তবু ও বলা যায় যে, পরিস্থিতির অনিবার্য পরিণতি ছিল- ভারতবিভাজন,

Sipra Halder.
History

PRINCIPAL
Dhruba Chand Halder College
P.O.- D. Barasat, P.S.- Jaynagar
South 24 Parganas, Pin- 743372